

স্মারক নম্বর-১৬.০২.০০০০.০৭৪.৩১.৫০৬.২৬/২৪৫

তারিখ: ২৪/০৬/১৪৩৩
০৮/০৭/২০২৬

বিষয় : ওয়াক্ফ কন্ট্রিবিউশন বকেয়া থাকায় সরকারী পাওনা আদায় ১৯১৩ আইনে মামলা দায়ের।

সূত্র : ই.সি.নং-৮৫০৬ (ফকির মহাম্মদ সিকদার ওয়াক্ফ এস্টেট) মেহেন্দীগঞ্জ, বরিশাল।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ফকির মহাম্মদ সিকদার ওয়াক্ফ এস্টেটের ২০২৫-২০২৬ অর্থ বছরের ওয়াক্ফ কন্ট্রিবিউশন ৮৩,৬৫৫/- (তিরিশ হাজার ছয়শত পঞ্চাশ) টাকা পরিশোধ করার জন্য ১ম দাবী নোটিশ, ২য় দাবী নোটিশ ও চূড়ান্ত নোটিশ ইতোপূর্বে জারী করা হয়েছে। কিন্তু ২০২৫-২০২৬ অর্থ বছর সমাপ্ত হলেও তাঁর নিকট অদ্যাবধি বকেয়া ৮৩,৬৫৫/- (তিরিশ হাজার ছয়শত পঞ্চাশ) টাকা ওয়াক্ফ কন্ট্রিবিউশন পাওয়া যায়নি। ফলে ওয়াক্ফ প্রশাসনের আর্থিক ক্ষতিসহ বর্তমান সরকারের শতভাগ ওয়াক্ফ কন্ট্রিবিউশন আদায়ের অনুশাসন প্রতিপালন করা সম্ভব হয়নি। উল্লেখ্য যে, ওয়াক্ফ কন্ট্রিবিউশন যথাসময়ে পরিশোধ না করা হলে ওয়াক্ফ অধ্যাদেশ ১৯৬২ এর ৫৫ ও ৭১(৪) ধারা মতে সরকারী পাওনা আদায় আইন ১৯১৩ এ বিধি বিধানের আলোকে মামলা দায়ের করার বিধান রয়েছে।

এমতাবস্থায়, ফকির মহাম্মদ সিকদার ওয়াক্ফ এস্টেটের বকেয়া ওয়াক্ফ কন্ট্রিবিউশন ৮৩,৬৫৫/- (তিরিশ হাজার ছয়শত পঞ্চাশ) টাকা আগামী ২৮.০৭.২০২৬ তারিখের মধ্যে পরিশোধ করার জন্য নির্দেয়ক্রমে অনুরোধ করা হলো। ধার্য তারিখের মধ্যে ওয়াক্ফ কন্ট্রিবিউশন পরিশোধে ব্যর্থ হলে উক্ত টাকা আদায়ের জন্য সরকারী পাওনা আদায় আইন ১৯১৩ এর বিধি বিধানের আলোকে মামলা দায়ের করা হবে।

স্বাঃ.

মুহাম্মদ আবুল কাসেম
সহকারী প্রশাসক (চ.দা.)
বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসন।

জনাব মোঃ সিরাজ উদ্দিন আহম্মদ চৌধুরী
মোতাওয়ালী
ফকির মহাম্মদ সিকদার ওয়াক্ফ এস্টেট
পিতা-মৃত সামছুদ্দিন আহম্মদ চৌধুরী
সাং- ও পোঃ-চরহোগলা
উপজেলা-মেহেন্দীগঞ্জ, জেলা-বরিশাল।

স্মারক নম্বর-১৬.০২.০০০০.০৭৪.৩১.৫০৬.২৬/২৪৬/২(৫)

তারিখ: ২৪/০৬/১৪৩৩
০৮/০৭/২০২৬

অনুলিপি সদয় (জ্ঞাতার্থে/কার্যার্থে) :-

- ০১। উপ প্রশাসক-১/২, বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়, ঢাকা।
- ০২। সহকারী প্রশাসক, বরিশাল বিভাগ/জেলা, বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়, ঢাকা।
- ✓ ০৩। সহকারী প্রোগ্রামার, বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ০৪। পিএ টু ওয়াক্ফ প্রশাসক (প্রশাসন মহোদয়ের সদয় অবগতির জন্য), বাংলাদেশ ওয়াক্ফ প্রশাসকের কার্যালয়, ঢাকা।
- ০৫। অফিস কপি/মাষ্টার ফাইল।

সহকারী প্রশাসক (চ.দা.)